

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১২।

প্রজ্ঞাপন

৬ বৈশাখ ১৪১৬ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০০৯ খ্রিস্টাব্দ

সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(School & College) ও সমমানের মাদ্রাসার পাঠদান সময়সূচি নিম্নরূপে পুনঃ নির্ধারিত হলো:

শিফট	এলাকা	সময়সূচি
একক শিফট	সমগ্র দেশ	ন্যূনতম ৬ (ছয়) পাঠদান ঘন্টা নির্ধারণপূর্বক সকাল ১০.০০ টার মধ্যে ক্লাস শুরু করতে হবে।
ডাবল শিফট	ঢাকা মহানগর ব্যতীত সমগ্র দেশ	স্থানীয় অবস্থা বিবেচনায় নিয়ে প্রতি শিফটে ন্যূনতম ৫ (পাঁচ) পাঠদান ঘন্টা নির্ধারণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি উভয় শিফট এর জন্য সময়সূচি স্থির করবে। তবে, প্রভাতী শিফটের ক্লাসসমূহ অবশ্যই সকাল ৮.০০ টার মধ্যে আরম্ভ করতে হবে। পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত সময়সূচি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা শিক্ষা অফিসারকে অবহিত করবে।

০২। ঢাকা মহানগরীর ইংলিশ মিডিয়াম স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল, প্রাথমিক স্তর সংযুক্ত মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়(School & College) এর ক্লাসসমূহ শুরুর সময় হবে সকাল ৭.০০ টা থেকে ৮.৩০ টার মধ্যে। একই এলাকায় অবস্থিত একাধিক শিক্ষা প্রতিষ্ঠান স্থানীয় এলাকার যানজট পরিস্থিতি বিবেচনা করে পরস্পরের মধ্যে আলোচনা ও সমঝোতার মাধ্যমে সকাল ৭.০০ টা হতে ৮.৩০ টা পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে 'খ' খ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ক্লাস আরম্ভের পৃথক পৃথক সময়সূচি নির্ধারণ করতে পারবে। তবে কোন ক্রমেই এক শিফটের জন্য পাঠদান সময় ০৬ ঘন্টা এবং ডাবল শিফটের জন্য পাঠদান সময় ০৫ ঘন্টার কম হবে না।

০৩। শিক্ষা মন্ত্রণালয়ের ২০/০৬/২০০৭ তারিখের স্মারক নং শিম/শাঃ ১২/ক্লাস সময়-৪/২০০৭/৩৯৬ নং পরিপত্র এবং ১৯/১০/২০০৮ তারিখের স্মারক নং শিম/শাঃ ১২/ক্লাস সময়-৪/২০০৭/৮১৪ অফিস আদেশের কার্যকারিতা এতদ্বারা রহিত করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অমিলে কার্যকরী হবে।।

নং-শিম/শাঃ ১২/ক্লাস সময়-৪/২০০৭/১১৮

তারিখঃ ৬ বৈশাখ ১৪১৬ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০০৯ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. স্বতন্ত্র সচিব(প্রশাসন ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (তাঁর আওতাধীন সকল উপ-পরিচালক, জেলা শিক্ষা অফিসার ও সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৩. যুগ্ম-সচিব(কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/ রাজশাহী/বিশাখা/ বরিশাল/ সিলেট/দিনাজপুর।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক,.....(সকল)
৭. উপসচিব (মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়/ প্রশাসন-১/উন্নয়ন/কারিগরি/ মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. শিক্ষা সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব,.....(সকল), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. অফিস নথি

(মোঃ হাসানুল মতিন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৫০৩৪১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়

ঈশ্বরদী, পাবনা।

স্মারক নং-উমাশিঅ/ঈশ্বর/৩৩/অংশ-৩/২০০৯/১৪(১১)

তারিখঃ-০৬/০৫/২০০৯ খ্রিঃ।

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা।
(বর্ণিত পত্রের বিষয় যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হ'ল।)

২। অফিস নথি।